# ICB SECURITIES TRADING COMPANY LIMITED

**(A Subsidiary of ICB)**

Green City Edge (7th Floor), 89,Kakrail, Dhaka-1000, Bangladesh
TEL : PABX : 8300461, 8300462, FAX : +880-2-8300466
E-mail : istclbd@gmail.com, Website : www.istcl.com.bd


## হিউম্যান রিসোর্সেস ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

তারিখঃ ২৫ ফাল্গুন ১৪৩১
১০ মার্চ ২০২৫

## প্রশাসনিক পরিপত্র নং- ০৯/২০২৫

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড (আইএসটিসিএল) এর ১৯ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের ২৪০তম বোর্ড সভায় **"আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৫"** অনুমোদিত হয়েছে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত **"আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৫"** কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সকলের অবগতির জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

**(শেখ আসলাম উদ্দিন)**
অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১) প্রধান নির্বাহী কর্মকর্তা -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০২) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিন) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩) অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস) -এর সচিবালয়, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অ্যাডমিনিস্ট্রেশন ও সেক্রেটারীজ ডিভিশন)) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (ইন্টারন্যাল কন্ট্রোল এন্ড কমপ্ল্যায়েন্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (অপারেশনস ও ফাইন্যান্স ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৭) উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা (আইসিটি ডিভিশন) আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮) আইএসটিসিএল এর সকল ডিভিশন/ডিপার্টমেন্ট/ইউনিট/এক্সটেনশন অফিস/ডিজিটাল বুথ/শাখাসমূহ।
০৯) অফিস কপি।

**অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

ডিপার্টমেন্ট প্রধান, সফটওয়্যার ডিপার্টমেন্ট, আইএসটিসিএল, প্রধান কার্যালয়, ঢাকা।

# আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড
# ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৫

**প্রধান কার্যালয়**

**গ্রিন সিটি এজ (৮ম ও ৯ম তলা) ৮৯, কাকরাইল, ঢাকা-১০০০।**

ICB Securities Trading Co. Ltd. Head Office

# আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৫

## ১। প্রেক্ষাপটঃ

আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড স্বনির্ভর অর্থনীতি গড়ে তোলার প্রয়াসে বিনিয়োগের ক্ষেত্র সম্প্রসারণসহ পুঁজিবাজার উন্নয়নে উল্লেখযোগ্যভাবে প্রাতিষ্ঠানিক সহায়তা প্রদান করে আসছে। ইন্টার্নশিপ কার্যক্রমে সহায়তাকরণ সামাজিক দায়বদ্ধতার ও পরিচায়ক। সরকারি ও বেসরকারি এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় আইএসটিসিএল এর প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহে ইন্টার্নশিপের জন্য আবেদনকারীরা আগ্রহ প্রকাশ করছেন। পুঁজিবাজারের প্রয়োজনের সহিত শিক্ষাকে সঙ্গতিপূর্ণ করার উদ্দেশ্যে যথাযথ প্রশিক্ষণপ্রাপ্ত ও সদিচ্ছা প্রণোদিত আর্থিকভাবে শক্তিশালী নাগরিক সৃষ্টির লক্ষ্যে আইএসটিসিএল এ ইন্টার্নশিপ এর মাধ্যমে দেশের তরুণ প্রজন্মকে যোগ্যতাসম্পন্ন করে গড়ে তুলবার জন্য এই নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন।

## ১। সংক্ষিপ্ত শিরোনাম:

ক) এই নীতিমালা "আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড ইন্টার্নশিপ নীতিমালা, ২০২৫" নামে অভিহিত হবে।

খ) ইহা অবিলম্বে কার্যকর হবে।

## ২। সংজ্ঞা:

বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকলে, এই নীতিমালায়:
ক) ইন্টার্নশিপ অর্থ নির্দিষ্ট সময়ে বা খন্ডকালীনভাবে প্রতিষ্ঠানের সাথে যুক্ত থেকে সেই প্রতিষ্ঠানের কার্যক্রম/সেবা সম্পর্কে ধারণা অর্জন করাকে বুঝাবে।
খ) ইন্টার্ন অর্থ ইন্টার্নশিপে অংশগ্রহণকারী।
গ) ইন্টার্নশিপ প্রদানকারী প্রতিষ্ঠান- 'আইএসটিসিএল' অর্থ আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড।
ঘ) সুপারভাইজার অর্থ একজন ইন্টার্নের ইন্টার্নশিপ সংশ্লিষ্ট কার্যাবলির তদারককারী বিশ্ববিদ্যালয় শিক্ষক।

## ৩। নীতিমালার প্রযোজ্যতাঃ

দেশের স্বনামধন্য সরকারি, বেসরকারি ও জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের ইন্টার্নশিপ করার অনুমতি ও ভাতা প্রদানের ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে।

## ৪। নীতিমালার উদ্দেশ্যঃ

(ক) নলেজ শেয়ারিং এর মাধ্যমে কোম্পানির কর্মরত কর্মচারী ও শিক্ষার্থীদের মধ্যে পুঁজিবাজার বিষয়ক বিশ্লেষণধর্মী জ্ঞানের পরিধি বৃদ্ধিকরণ;
(খ) কোম্পানির সুনাম বৃদ্ধিকরণ এবং নতুন প্রজন্মের গ্রাহক/বিনিয়োগকারী আকৃষ্টকরণ;
(গ) কোম্পানির প্রোডাক্ট এবং সার্ভিসের প্রচার বৃদ্ধিকরণ;
(ঘ) ব্যবহারিক প্রশিক্ষণের মাধ্যমে যুগোপযোগী মানবসম্পদ সৃষ্টি করা, এবং
(ঙ) গ্র্যাজুয়েট ইন্টার্নীদের রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট কার্যক্রমে অংশগ্রহণ বৃদ্ধিসহ পুঁজিবাজার সম্পর্কিত ইনোভেশন আইডিয়া কোম্পানির কার্যক্রমে অন্তর্ভুক্তকরণ।

## ৫। আবেদন প্রক্রিয়াঃ

ইন্টার্নশিপের জন্য শিক্ষার্থীদেরকে অধ্যয়নরত বিশ্ববিদ্যালয়ের অফার লেটার এর মাধ্যমে কোম্পানির প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। এছাড়া শাখা কার্যালয়ে ইন্টার্নশিপের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে শাখা প্রধান এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা বরাবর আবেদন করতে হবে। উক্ত আবেদনের সাথে শিক্ষার্থীর জীবন বৃত্তান্ত (Curriculum Vitae), জাতীয় পরিচয়পত্র, সদ্য তোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত করতে হবে।

চলমান পাতা-০২

ICB Securities Trading Co. Ltd. Head Office

**৬। আবেদনের যোগ্যতাঃ**

ক) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি) কর্তৃক অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে প্রাপ্ত আবেদন বিবেচ্য হবে।

খ) বিশ্ববিদ্যালয়/সমমানের প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে ইন্টার্নশিপের জন্য আগ্রহী শিক্ষার্থীদেরকে স্নাতক/স্নাতকোত্তর/সমমানের ডিগ্রী এ অবতীর্ণ (প্রযোজ্য ক্ষেত্র প্রত্যয়ন জমা প্রদান সাপেক্ষে) হতে হবে।

**৭। ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারীর সর্বোচ্চ সীমা ও কর্তৃপক্ষের দায়িত্বঃ**

আইএসটিসিএল'র প্রধান কার্যালয়ে প্রতি ০৩ মাসের অন্তবর্তীকালীন সময়ে সর্বোচ্চ ১০ জন করে ০৩ টি টিমে ইন্টার্নশিপ করার সুযোগ দেয়া হবে। এছাড়া, শাখা কার্যালয়সমূহ স্ব-স্ব শাখায় ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী সর্বাধিক শিক্ষার্থীর সংখ্যা নির্ধারণ করবে। তবে কর্তৃপক্ষ প্রয়োজন অনুযায়ী সময়ে সময়ে এ সংখ্যা পরিবর্তন করতে পারবে এবং ইন্টার্নদের কার্যক্রম পর্যবেক্ষণ ও কোম্পানির প্রতি দায়বদ্ধতার যৌক্তিকতা নিরূপণ করবে। এছাড়া, কোম্পানির হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট দাপ্তরিক কাজের সাথে সমন্বয় রেখে ইন্টার্নকে বিভিন্ন দায়িত্ব ও কার্যাবলি প্রদানসহ পরামর্শ প্রদান করবে।

**৮। ভাতা/সম্মানী প্রদানঃ**

ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদেরকে প্রতি কর্মদিবসে উপস্থিতির জন্য ৩০০.০০ (তিনশত) টাকা ভাতা/সম্মানী প্রদান করা হবে। বর্ণিত ভাতা ব্যতিরেকে ইন্টার্ন অন্য কোন ভাতা/ সুবিধা প্রাপ্য হবেনা। ইন্টার্নশিপ ভাতা/সম্মানী কোম্পানির বিদ্যমান বিজনেস ডেভেলপমেন্ট খাতের বাজেট হতে নির্বাহ করা হবে। ইন্টার্নশিপ নীতিমালা অনুমোদন পরবর্তী কর্তৃপক্ষ পৃথক ইন্টার্নশিপ খাত ও বাজেট সৃজন করবে।

**৯। সাধারণ শর্তাবলিঃ**

(ক) ইন্টার্নশিপের সময়কাল সর্বোচ্চ ০৩ (তিন) মাস;

(খ) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের-কে কোম্পানির অফিস সময়সূচি অনুযায়ী উপস্থিত থাকতে হবে এবং আইএসটিসিএল' এর প্রচলিত নিয়মকানুন মেনে চলতে হবে;

(গ) ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের ন্যূনতম ৮০% উপস্থিতি থাকতে হবে;

(ঘ) কোম্পানির হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট/শাখা কর্তৃক যাছাই-বাছাইক্রমে সত্যয়ন পরবর্তীতে শিক্ষার্থী কর্তৃক প্রস্তুতকৃত রিপোর্ট/প্রতিবেদন তাঁর অধ্যয়নরত বিশ্ববিদ্যালয়ে দাখিল করতে হবে। বিশ্ববিদ্যালয়ে দাখিলকৃত রিপোর্ট/প্রতিবেদনের হার্ডকপি তাঁর সুপারভাইজর কর্তৃক সত্যয়নপূর্বক (Attested Copy) পরবর্তী ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কোম্পানি বরাবর জমা প্রদান করতে হবে। তৎপ্রেক্ষিতে, ইন্টার্নশিপ প্রোগ্রামে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের-কে 'প্রত্যয়নপত্র' প্রদান করা হবে;

(ঙ) ইন্টার্নশিপ প্রোগ্রামে প্রাপ্ত তথ্যাবলীকে একাডেমিক উদ্দেশ্যে ব্যবহার করতে হবে এবং কোম্পানি সম্পর্কে রিপোর্ট/প্রতিবেদনে নির্ভুল তথ্য উপস্থাপন করতে হবে;এবং

(চ) কোন ইন্টার্নী কোম্পানির শৃঙ্খলা বিরোধী এবং শিষ্টাচার বহির্ভূত আচরণে লিপ্ত হলে কোম্পানি কোন কারণ দর্শানো ব্যতিরেকে ঐ শিক্ষার্থীর ইন্টার্নশিপ বাতিল করতে পারবে।

**১০। বিবিধঃ**

(ক) এই নীতিমালায় উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

(খ) সময়ের সাথে সামঞ্জস্য রেখে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্ণিত নীতিমালায় প্রয়োজনীয় পরিবর্তন/পরিবর্ধন/সংশোধন অথবা সংযোজন করতে পারবে।

***

ICB Securities Trading Co. Ltd. Head Office

মোঃ মফিজুর রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
আইসিবি সিকিউরিটিজ ট্রেডিং কোম্পানি লিমিটেড